# বাবুগঞ্জ উপজেলার ফেব্রুয়ারি/২০২৩ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ : ১৪/০২/২০২৩ খ্রিঃ ; সময় ঃ ১০:৩০ মিনিট।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>(১) জলবায়ু পরিবর্তন প্রভাব মোকাবেলার জন্য বাবুগঞ্জ উপজেলাধীন ইউনিয়নসমূহের বিভিন্ন এলাকার জনগুরুত্বপূর্ণস্থানে সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন প্রকল্প স্থাপন করা একান্ত প্রয়োজন। প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলন ১০০৪.০০ লক্ষ টাকা। । সভায় এ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বর্নিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীহ হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |
| | ২। বাবুগঞ্জ উপজেলার ০১ নং জাহাঙ্গীরনগর ইউনিয়নের মোঃ শফিকুর রহমান, পিতা- মোঃ আনিচুর রহমান, সাং নতুনচর এর বাড়ীতে সাবমারসিবলসহ আর্সেনিকমুক্ত গভীর নলকুপ স্থাপন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | বর্নিত নলকুপ স্থাপনের জন্য ৭৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৩। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ সদর গেইট, উপজেলা পরিষদের পুকুরের চারপাশে গাইড ওয়াল ও এর পাশের হেরিংবন রাস্তা উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ করা জরুরী প্রয়োজন। এতে আনুমানিক কমপক্ষে ৮০,০০০/- (আশি লক্ষ) টাকা খরচ হতে পারে। সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ সদর গেইট ও এর সীমানা প্রাচীর নির্মাণের প্রাক্কলন প্রস্তুত করে জরুরীভাবে স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৪। তিনি আরো জানান যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ/ মেরামত করা প্রয়োজন। সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলার মেরামতযোগ্য বিভিন্ন রাস্তাঘাট পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | জনাব ডাঃ সুবাস সরকার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত টিকাদান কেন্দ্রে কোভিড-১৯ এর বুষ্টার ডোজ টিকাদান কার্যক্রম সফলভাবে চলছে। সারা দেশের ন্যায় অত্র উপজেলায়ও সরকারি ঘোষনা অনুযায়ি ০৫/০২/২০২৩ খ্রি. তারিখ হতে ১১/০২/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অত্র উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় সুমহে স্কুলে ডাক্তার কার্যক্রম পালন করা হবে। উপজেলা পরিষদ এর সহযোগিতায় এবং জাইকার অর্থায়নে উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে ০১ টি সেমি অটো এ্যানালাইজার মেশিনর, ০১ টি ইসিজি মেশিন ও ১টি আলট্রাসনোগ্রাম মেশিন সরবরাহ করা হয়েছে। উক্ত মেডিকেলা যন্ত্রপাতি সরবরাহের ফলে উপজেলার জনগণকে আরো অধিক উন্নত স্বাস্থ্য সেবা প্রদান করা সম্ভব হবে। এ জন্য তিনি কৃতজ্ঞ প্রকাশ করেন।<br>বর্তমানে দেশে নিপাহ ভাইরাসের প্রাদুর্ভাস পেয়েছে। এ রোগে মৃত্যুর হার প্রায় ৭০%। কাঁচা খেজুরের রস ও বাদুড়ে কামড়ানো ফল খেলে এ ভাইরাসে আক্রান্ত হওয়ায় ঝুকি আছে। কাঁচা খেজুরের রস পান করা এবং বিক্রয় করা যাবে না। সুতারাং এ বিষয়ে সচেতন করা এবং কাঁচা খেজুরের রস পান ও বিক্রয় না করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আইন শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত করোনা ভাইরাসের নমুনা সংগ্রহ করা হয় এবং স্বাস্থ্য কমপ্লেক্সের র‌্যাপিড এন্টিজেন পরীক্ষা কর হয়। বর্তমানে কোভিড-১৯ সংক্রামন কমে আসায় সরকার সকল বিধি-নিষেধ প্রত্যাহার করেছেন। সুতরাং করোনা মোবাবেলায় আমাদেরকে অবশ্যেই মাস্ক পরিধানসহ সাস্থ্যবিধি মেনে চলতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেল ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসাবে চলতি রবি মৌসুমে ৩৯০ হে. জমিতে সরিষা, ২৫ হেক্টর জমিতে সুর্যমুখী, ১৬ হেক্টর জমিতে চিনাবাদাম, ২২ হেক্টর জমিতে সয়াবিন এবং ২৫ হেক্টর জমিতে তিল আবাদ করা হয়েছে। কৌশল হিসেবে আমন ক্ষেতে রিলে ফসল হিসেবে সরিষার আবাদ করা হয়েছে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে এবং কৃষি উপকরণ সহজলভ্য হলে ধান ও তেল ফসল আবাদের লক্ষ্যমাত্রা পূরণ হবে এবং বিগত বছরের তুলনায় ধান ও শাকসবজির আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। এছাড়া চলতি রবি মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় গম ৩৫০ জন, ভুট্টা-১০০ জন, সরিষা-১২০০ জন, সূর্যমূখী-১৪০ জন, চিনাবাদাম-৭০ জন, সয়াবিন-১৫০ জন, মুগ-১৫০০ জন, মসুর-৬০ জন এবং খেসারি-১৫০ জন সর্বমোট-৩৭২০ জন চাষীর মধ্যে বিনামূল্যে বীজ ও সার প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ৩২০০ জন হাইব্রীড বোরো | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ,বাবুগঞ্জ বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| | ধান বীজ এবং ১৫০০ জন বোরো চাষীর মধ্যে বিনামূল্য বীজ ও সার প্রদান করা হয়েছে। | | |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মাসে বাবুগঞ্জ উপজেলায় ৫৬৪ টি গরু ৭০০ টি ছাগলকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ২০৬০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। উপজেলায় মোট ২৫৩৯ টি গবাদি পশুকে ও ১৪৬৩৯ টি হাঁসমুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২২৮ টি গাভী কে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নে " ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র" কার্যক্রম চলমান আছে এবং বিভিন্ন সেবা কার্যক্রম চলছে। এলডিডিপি প্রকল্পের আওতায় পিজি গ্রুপের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ভেটেরিনারী হাসপাতাল চত্বরে উন্নত জাতের নেপিয়ার পাকচং-০১ ঘাসের দুইটি প্লট আছে। খামারীদের ঘাসের কাটিং সরবরাহ করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর প্রাণি চিকিৎসা উপকেন্দ্র ও কৃত্রিম প্রজনন পয়েন্ট থাকায় উক্ত ইউনিয়নের সেবা কার্যক্রম সেখান থেকেই প্রদান করা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি সভায় জানান যে,<br>(ক) দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন খালে, নদীতে অবৈধ জাল ও চরগড়া বেহুন্দি জাল নির্মূলে অভিযান চলমান আছে।<br>(খ) জেলে নিবন্ধন কার্যক্রম চলমান আছে।<br>(গ) মোবাইল কোর্ট/অভিযান চলমান আছে।<br>(ঙ) মৎস্য চাষীদের পরামর্শ প্রদান করা হয়।<br>(চ) জাটকা সংরক্ষণ অভিযান/২০২৩ চলমান আছে।<br>(ছ) কম্বিং অপারেশন, ২০২৩ চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল । |
| শিক্ষা বিভাগ | জনাব দিলদার নাহার, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি পালন করে সকল বিদ্যালয়ের সুষ্ঠু ও সুন্দরভাবে কার্যক্রম চলছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের জানুয়ারি/২৩ মাসের বেতন ভাতাদি যথাযথভাবে প্রদান করা হয়েছে।<br>সভাপতি সভাকে অবহিত করেন যে, পূর্ব পাংশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর মামলাজনিত কারনে নিয়োগ কার্যক্রম বন্ধ ছিল। বর্তমানে মামলা নিস্পত্তি হয়েছে বিধায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করেন। সভায় এ নিয়ে আলোচনা করা হয়। | তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>আগামী সমন্বয় সভার পূর্বে এতদসংক্রান্ত বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| সমাজসেবা বিভাগ | জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,<br>(ক) প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত কোটার উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।<br>(খ) মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন সংক্রান্ত কার্যক্রম চলছে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরের ২য় কিস্তির ( অক্টোবর- ডিসেম্বর) অর্থ ছাড় করন।<br>তিনি আরো জানান যে, মৃত ভাতাভোগীদের তথ্য সঠিক সময়ে সমাজসেবা কার্যালয়ে না পাওয়ায় ভাতা প্রদানে সমস্যার সম্মুখীন হতে হয়। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে পরামর্শ দেয়া হলো। সঠিক সময়ে সমাজসেবা কার্যালয়ে মৃত ভাতাভোগীদের তথ্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বাবুগঞ্জ, বরিশাল জনাব মোঃ সালাম শিকদার সভায় বলেন যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন যে,<br>(ক) মাসিক কৃষি মজুরী হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(খ) কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২০২১ অর্থ বছরের বিভাগীয় সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০১৯-২০২০ অর্থ বছরের ধার্য্যকৃত সমবায় উন্নয়ন তহবিল, নিরীক্ষা ফি, নিরীক্ষা ফি এর উপর ভ্যাট ১০০% আদায় হয়েছে।<br>**প্রশিক্ষণ** : বিগত ২০২০-২০২১ অর্থ বছরে অত্র উপজেলার সর্বমোট ১৫০ জন সমবায়ীদের ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরেও অনুরূপ ১০০ জন সমবায়ীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিগত ২৯/০৯/২০২১ তারিখ হতে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।<br>**আশ্রয়ণ প্রকল্প** ঃ অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমূখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। তবে করোনাকালীন সময়ে আশানুরূপ ঋণ আদায় করা যায়নি। গোয়ালদী-মুগুরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৫,০৯,৭৩৪/- টাকা আদায় করা হয়েছে। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে এ পর্যন্ত ১৫,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এর আদায় হয়েছে ১৩,৩০,৬৮৩/- টাকা।<br>**দুগ্ধ প্রকল্প** ঃ শতভাগ সরকারি অর্থায়নে চাঁদপাশা ইউনিয়ন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪ এবং ২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে এবং ৩,৩৪,৪০০/- বকেয়া রয়েছে। বকেয়া ঋণের মধ্যে ২,৭৪,৪৬০/- টাকা খেলাপী আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে তাগাদাসহ বারবার | (ক) ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | নোটিশ প্রদান করা হয়েছে। খেলাপী ঋণ গ্রহিতা ০৫ জন। খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত উল্লিখিত ঋণ গ্রহিতাদের বিরুদ্ধে প্রশাসনিক ভাবে চাপ প্রয়োগসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে। খেলাপী ঋণের মধ্যে কয়েকজন সরকারি চাকুরীজীবি রয়েছে। তাদের কাছ থেকে ঋণ আদায়ের জন্য উপজেলার স্ব- স্ব বিভাগ হতে ব্যবস্থা গ্রহণ করার জন্য পদক্ষেপ নেয়া যেতে পারে।<br>এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,১০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।<br>উপজেলা সমবায় কার্যালয়টি উপজেলা পরিষদের সম্প্রসারিত নতুন ৪র্থ তলা ভবনের ৪র্থ তলায় পশ্চিম- দক্ষিণ পাশের দুটি কক্ষ নিয়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত নতুন ভবনে পুরাতন ভবন হতে বিগত ১৮ মাস পূর্বে সমবায় কার্যালয়টি স্থানান্তরিত হয়। ভবনটি নতুন হওয়া সত্ত্বেও উপজেলা সমবায় অফিসারের কক্ষের একটি অংশের ছাদের উপর দিয়ে বৃষ্টির পানি চুয়ে চুয়ে পরে। ছাদের ক্ষতিগ্রস্থ অংশটি যদি এ মুহূর্তে সংস্কার করা না হয় তাহলে আগামী ২/৩ মাসের মধ্যেই উক্ত কক্ষটি ব্যবহারের অনুপযোগী হয়ে পরবে। এছাড়া কর্মচারীদের কক্ষের একটি জানালার কাঁচ পুরোপুরি ভেঙ্গে গেছে যার কারণে বৃষ্টি ও বাতাস হলে প্রচুর পরিমানে পানি ও ধুলো ময়লা কক্ষে ঢোকে। তাই জানালাটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী মহোদয় ক্ষতিগ্রস্থ অংশ অবলোকন করেছেন এবং সংস্কার করবেন মর্মে অবহিত করেছেন। কিন্ত অদ্য পর্যন্ত সংস্কার হয়নি। তিনি এ ব্যাপারে অদ্য সভার কার্যবিবরণীতে বিষয়টি লিপিবব্ধ করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) জাতীয় শিক্ষাক্রম রুপরেখা-২০২১ বিস্তারণ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের শিক্ষকদের আবেদন কার্যক্রম চলমান আছে।<br>(খ) ২০২৩ সালের পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণ কার্যক্রম চলমান আছে।<br>(গ) সমন্বিত উপবৃত্তি কর্মসূচী, প্রধামন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতায় উপবৃত্তি কার্যক্রম সম্পর্কিত ১ দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ-২০২২ এর প্রস্তুতি সমাপ্ত হয়েছে।<br>(ঘ) আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসি) ভবন স্থাপনের কার্যক্রম চলমান ।<br>(ঙ) ইউনিক আইডির কার্যক্রম চলমান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। ফেব্রুয়ারি,২০২৩ মাসের কার্যক্রম নিম্নরুপ- | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

১। ১৬/০২/২০২৩ খ্রি. তারিখ বৃহস্পতিবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।

২। ২৭/০২/২০২৩ খ্রি. তারিখ সোমবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।

উপরোল্লিখিত ক্যাম্পের সার্বিক সফলতার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

জানুয়ারি/২০২৩ খ্রিস্টাব্দ মাসের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির অগ্রগতি নিম্নরূপঃ- স্থায়ী পদ্ধতির- ০৬, আইউডি- ১২ জন, ইমপ্লান্ট- ৩৬ জন। মোট সক্ষম দম্পতি ২৭০০৪ জন, গ্রহণকারী- ২০৮৯৬ জন, সিএআর- ৭৭.৩৮%।

**পল্লী উন্নয়ন বিভাগ**

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন জানুয়ারি/২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপ ঃ

| ক্র: নং: | প্রকল্পের নাম | শেয়ার | সঞ্চয় | বিতরণ | আদায় |
|---|---|---|---|---|---|
| ০১ | মহিলা উন্নয়ন অনুবিভাগ | .০৪ | .১০ | - | ১.৭৯ |
| ০২ | আবর্তক | .০২ | .০২ | - | .৫২ |
| ০৩ | সদাবিক | ০ | ০.০৯ | ৬.৩৬ | ১.৫৯ |
| ০৪ | পল্লী প্রগতি | ০ | - | - | .০৮ |
| ০৫ | মুক্তিযোদ্ধা | ০ | - | - | ২.০০ |
| ০৬ | ইরেসপো | ০ | ০.৬৭ | ১১.৫৭ | ১৫.৪৮ |
| ০৭ | অপ্রধান শস্য | ০ | ০.২০ | ২.৪০ | ২.০০ |
| ০৮ | আদর্শ গ্রাম-২ | ০ | | - | - |
| | সর্বমোট | ০.০৬ | ১.০৮ | ২০.৩৩ | ২৩.৪৬ |

সিদ্ধান্ত: সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

বাস্তবায়ন: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ

**যুব উন্নয়ন বিভাগ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,

**প্রশিক্ষণ** ঃ ২০২২-২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের(লক্ষ্যমাত্রা অনুযায়ী) ০২ টি ব্যাচ সম্পন্ন হয়েছে এবং ২৩ ব্যাচ প্রক্রিয়াধীন।

**ঋণ** ঃ ২০২২-২০ অর্থ বছরে- ৮,৩০,০০০/-( আট লক্ষ ত্রিশ হাজার) যুব ঋণ বিতরণ করা হয়েছে।

**ওয়েব পোর্টাল** ঃ এ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে।

তিনি আরো জানান যে, যুব উন্নয়ন কার্যালয়ের ভবনের কলাপসিবল গেইট অতি পুরাতন বিধায় ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে উহা মেরামত করা প্রয়োজন। নচেৎ যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। যুব উন্নয়ন কার্যালয়ের ভবনের কলাপসিবল গেইট উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মেরামতে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল

**মহিলা বিষয়ক অধিদপ্তর**

জনাব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং ট্রেড) চলমান। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক

সিদ্ধান্ত: সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

বাস্তবায়ন: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উঠান বৈঠক হয়েছে । নতুন ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) আবেদন এর প্রেক্ষিতে যাচাই বাছাই কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ৪০ দিনের কর্মসূচী চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। যার ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকী ৫০% ইউনিয়ন WATSAN কমিটির অনুমোদিত স্থান তালিকা অদ্য পর্যন্ত পাওয়া যায়নি। অনতিবিলম্বে ইউনিয়ন WATSAN কমিটি কর্তৃক প্রদত্ত স্থান তালিকা উপজেলা WATSAN কমিটি কর্তৃক অনুমোদন করতঃ এ কার্যালয়ে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |
| বন বিভাগ | জনাব মোঃ মোজাম্মেল হক, ফরেস্টার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কোন কার্যক্রম আসেনি। নতুন কার্যক্রম অথবা বরাদ্দ পেলে আগামী মাসিক সভায় উপস্থাপন করা হবে। তিনি পুনরায় বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা, কাশিপুর, বরিশাল এর ২০/১২/২০২২ খ্রি. তারিখের ২৫৫ নং স্মারক উপস্থাপন করে বাবুগঞ্জ বন বিভাগের জন্য ভবন ও স্থায়ী আদর্শ নার্সারীর জন্য উপজেলা পরিষদ কর্তৃক জমি প্রদানের অনুরোধ জানান। সভায় এ বিষয়ে আলোচনা হয়। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপজেলা ডরমিটরী ভবনের সামনে খালি জায়গা উপযোগি করে নার্সারী স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| জাতীয় মহিলা সংস্থা | উপজেলা সংগঠক, জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন যে, তাদের সংস্থায় ৪ মাসব্যাপী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষনার্থীর আসন সংখ্যা-৩০ জন। ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম এ মাসে শেষ হবে। ৩য় ব্যাচের কার্যক্রম আগামী ২৩/০২/২০২৩ খ্রি. তারিখ হতে ভর্তি নেয়া হবে ও ক্লাস আরম্ভ হবে ০১/০৩/২০২৩ খ্রি. তারিখ। প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতি ভাতা- ১০০/- টাকা প্রদান করা হয়। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। ঋণ গ্রহীতার সংখ্যা ৫৭০ জন। খেলাপী ঋণ আদায় কার্যক্রম চলমান।<br>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, জানুয়ারি/২০২৩ মাসে ডোর টু ডোর তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ৭০০ জন এবং তথ্য কেন্দ্র সেবা গ্রহিতার সংখ্যা- ২০০ । এ মাসে উঠান বৈঠক হয়েছে- ০৪ টি। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা সংগঠক জাতীয় মহিলা সংস্থা, বাবুগঞ্জ, বরিশাল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তথ্য সেবা কর্মকতা, তথ্য আপা প্রকল্প, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার দপ্তরের সেবা প্রার্থীদের জন্য ওয়াশরুম না থাকায় দুর দুরন্ত থেকে আসা সেবা প্রার্থীদের অনেক অসুবিধার সৃষ্টি হয়। সভায় এ বিষয় নিয়ে আলোচনা করা হয়। | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল সরেজমিনে পরিদর্শন করে আগামী সভায় এ বিষয়ে প্রতিবেদন দাখিল করা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, ইতিপূর্বে এ উপজেলার সকল দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েব পোর্টাল এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার সকল দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। ইহা সত্ত্বেও এখন পর্যন্ত অনেক দপ্তর তাদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করেননি। ইহা দুঃখজনক। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলার যে সকল দপ্তর এখন পর্যন্ত ওয়েব পোর্টাল হালনাগাদ করেননি সে সকল দপ্তর অতিসত্ত্বর তাদের দপ্তরের ওয়েব পোর্টাল হাল নাগাদ করবেন। | উপজেলার সকল দপ্তর প্রধান, বাবুগঞ্জ, বরিশাল |
| পল্লী সঞ্চয় ব্যাংক | জনাব হেমলাল বাইন, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, এ উপজেলায় তার আওতায় সমিতির সংখ্যা ১৪৩ টি,সদস্য সংখ্যা ৬৪২৯ জন, মোট সঞ্চয় জমা- ৩০৯.৬৫ টাকা, মোট কল্যাণ অনুদান ২৩০.৫৮ টাকা, মোট ঘূর্নায়মান ঋণ তহবিল ৩৯৩.৯৩ টাকা, সম্পদের টাকা আদায় ৭.১২৭ টাকা, সর্বমোট তহবিল ১২২৫.৮৩ টাকা, মোট প্রকল্প সংখ্যা ১১৪৩৭ টি, মোট ঋণ বিতরণ ২৮৭১.৮১ টাকা, মোট ঋণ আদায় ২১৩৮.১২ টাকা ও ঋণ স্থিতি ৮২৭.৫৩ টাকা। জানুয়ারি, ২০২৩ মাসে ঋণ বিতরণ ৬৯.৪১ টাকা, ঋণ আদায় ৫৪.৪৬ ও সঞ্চয় আদায় মাসে ৩.০৯ টাকা। ঋণের টাকা আদায় কার্যক্রম আরো জোরদার করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,বাবুগঞ্জ, বরিশাল |
| বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, উপজেলা পরিষদ সম্প্রসারিত নতুন ভবনের সামনে কলাপসিবল গেইট নেই। অফিসের নিরাপত্তার স্বার্থে জরুরী ভিত্তিতে এখানে কলাপসিবল গেইট নির্মাণ করা প্রয়োজন। এ ছাড়া উপজেলা পরিষদের পুরাতন ভবনে অবস্থিত সোনালী ব্যাংকের কলাপসিবল গেইট ভেঙ্গে নষ্ট হয়ে গেছে বিধায় উহা মেরামত করা প্রয়োজন। সভায় উক্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ সম্প্রসারিত নতুন ভবনের সামনে কলাপসিবল নতুন গেইট এবং সোনালী ব্যাংকের কলাপসিবল গেইট উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্মাণ ও মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ বরিশাল। |
| | তিনি আরো জানান যে, জনাব লুৎফুন্নেসা খানম, মাননীয় সংসদ সদস্য(সংরক্ষিত) ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা কর্তৃক এ উপজেলা পরিষদ চত্বরে শহীদ মিনার করার জন্য টি.আর অনুদান পাওয়া গেছে। উক্ত টি.আর দ্বারা উপজেলা পরিষদ চত্বরে শহীদ মিনার স্থাপন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা চত্বরে শহীদ মিনার স্থাপনের জন্য উপজেলা পরিষদের মাঠের দক্ষিণ -পশ্চিম পাশে স্হান নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো জানান যে, মুজিববর্ষে একটি মানুষও গৃহহীন থাকবে না- এ লক্ষ্যকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে হতে ইতোমধ্যে ১ম, ২য় ও ৩য় পর্যায় মোট ২৭৪ টি ভূমিহীন ও গৃহহীনদের জমিসহ ঘর, উপজেলা পরিষদের অর্থায়নে ০১ টি, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি- ২, রহমতপুর, বরিশাল এর অর্থায়নে ০১ টি সর্বমোট ২৭৬ টি জমিসহ ঘর সুবিধাভোগীদের মাঝে হস্তান্তর করা হয়েছে। ৪র্থ পর্যায়ে ১৯২ ঘরের মধ্যে ইতোমধ্যে ১৬২ টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বাকী ৩০ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। চলমান ৩০ টি ঘরের নির্মাণ কাজ এপ্রিল/২৩ মাসের মধ্য সম্পন্নপূর্বক সুবিধাভোগীদের মাঝে হস্তান্তর করা হবে এবং এর মাধ্যমে বাবুগঞ্জ উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত উপজেলা হিসাবে বিবেচনায় আনা সম্ভব হবে মর্মে আশা করা যায়। | এ উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত করার নিমিত্ত যারা কাজের সাথে সম্পৃক্ত সকলকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(মির্জা ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২৩- ১১৫ (৫০)

তারিখ ঃ ০১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৯। উপজেলা ................................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

১০। চেয়ারম্যান ................................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।

১১। জনাব......................................................................বাবুগঞ্জ, বরিশাল।

১২। অফিস কপি।

১৪/০২/২০২৩

(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।

CamScanner